খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩ ও ০৪)

স্মারক নম্বর ৩৭.০১.৪৭০১.১০৯.১১.০০১.২৩-৯৭০২ তারিখ: ০২-১০-২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড	বেতন স্কেল (জা. বে. স্কে.' ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা
১.	সহকারী রেজিস্ট্রার (গ্রেড-০৭)	বেতনক্রম : (২৯,০০০-৬৩,৪১০/-)	০১ (এক) টি
২.	সেকশন অফিসার (গ্রেড-০৯)	বেতনক্রম : (২২,০০০-৫৩,০৬০/-)	০১ (এক) টি
৩.	হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-০৯)	বেতনক্রম : (২২,০০০-৫৩,০৬০/-)	০১ (এক) টি
৪.	পুরোহিত (গ্রেড-১০)	বেতনক্রম : (১৬,০০০-৩৮,৬৪০/-)	০১ (এক) টি
৫.	এক্স-রে টেকনিশিয়ান (গ্রেড-১৩)	(বেতনক্রম : ১১,০০০-২৬,৫৯০/-)	০১ (এক) টি
৬.	টেকনিশিয়ান (হার্ডওয়্যার) (গ্রেড-১৩)	(বেতনক্রম : ১১,০০০-২৬,৫৯০/-)	০১ (এক) টি
৭.	অফিস এ্যাসিসট্যান্ট কাম-কম্পিউটার টাইপিস্ট (গ্রেড-১৬)	(বেতনক্রম : ৯,৩০০- ২২,৪৯০/-)	০১ (এক) টি
৮.	গাড়ীর হেলপার (গ্রেড-২০)	বেতনক্রম : (৮,২৫০- ২০,০১০/-)	০১ (এক) টি

আবেদনের শর্তাবলী:

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ০১ থেকে ০৪ নং পর্যন্ত পদের জন্য ১০ (দশ) সেট এবং ০৫ থেকে ০৮ নং পর্যন্ত পদের জন্য ০৩ (তিন) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ৩১-১০-২০২৩ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, অনলাইন আবেদনের সাথে ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পদে ৬০০/- (ছয়শত) টাকা, ১০ম গ্রেডের পদে ৫০০/- (পাঁচশত) টাকা, ১৩তম থেকে ১৬তম গ্রেডের পদে ২০০/- (দুইশত) টাকা এবং ১৭তম থেকে ২০তম গ্রেডের পদে ১০০/- (একশত) টাকা অনলাইনে মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করতে হবে। অনলাইনে আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://ku.ac.bd/career) পাওয়া যাবে।

২। আবেদনপত্র আগামী ০৪-১০-২০২৩ খ্রি. থেকে ৩১-১০-২০২৩ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ টার মধ্যে ডাকযোগে (অফিস চলাকালীন)/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

৩। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

৪। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৫। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

২/১০/২৩
(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৪)

স্মারক নম্বর ৩৭.০১.৪৭০১.১০৯.১১.০০১.২৩-

তারিখ: ০২-১০-২০২৩ খ্রি.

নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

১। **এক্স-রে টেকনিশিয়ান (গ্রেড-১৩): ০১(এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম ঃ ১১,০০০/-২৬,৫৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন-মেডিকেল টেকনোলজি (রেডিওলজি এন্ড ইমেজিং) ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ স্বীকৃত প্রতিষ্ঠানে এক্স-রে টেকনিশিয়ান হিসেবে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

২। **টেকনিশিয়ান (হার্ডওয়্যার) (গ্রেড-১৩): ০১(এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম ঃ ১১,০০০/-২৬,৫৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
প্রার্থীকে স্নাতক/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। জিপিএ ৫.০০ এর মধ্যে নূন্যতম জিপিএ ৩.০০ থাকতে হবে। তবে কোনো অবস্থায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে কম্পিউটার বিষয়ে (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, ইন্টারনেট ইত্যাদি) হার্ডওয়্যার/ট্রাবল সুটিং-এ ০৬ (ছয়) মাস মেয়াদী কোর্স থাকতে হবে। প্রার্থীকে বেসিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ইত্যাদি) হার্ডওয়ার/ট্রাবল সুটিং বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠানে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

৩। **অফিস এ্যাসিসট্যান্ট কাম-কম্পিউটার টাইপিস্ট (গ্রেড-১৬): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম ঃ ৯,৩০০/- ২২,৪৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় পাশ হতে হবে এবং কম্পিউটারে প্রশিক্ষণ থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার টাইপিং-এর ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে মিনিটে ৪০ ও ৫০ শব্দের গতিসম্পন্ন হতে হবে।
বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

অথবা

এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে কোনো বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ স্বীকৃত প্রতিষ্ঠানে পিয়ন হিসেবে (বর্তমানে মূল ৮,২৫০/- টাকা স্কেলে, গ্রেড-২০) ০৬(ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটারে প্রশিক্ষণ থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার টাইপিং-এর ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে মিনিটে ৪০ ও ৫০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

৪। **গাড়ীর হেলপার (গ্রেড-২০): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৮,২৫০/- ২০,০১০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :
প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমানের পাশসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
বয়স অনুর্ধ্ব ৩৫ বছর।

আবেদনের শর্তাবলী:

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত; প্রয়োজনীয় (০৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর ৩১-১০-২০২৩ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, অনলাইন আবেদনের সাথে ১৩তম থেকে ১৬তম গ্রেডের পদে ২০০/- (দুইশত) টাকা এবং ১৭তম থেকে ২০তম গ্রেডের পদে ১০০/- (একশত) টাকা অনলাইনে পেমেন্ট করতে হবে। অনলাইন আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://ku.ac.bd/career) পাওয়া যাবে। **অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।**

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪। **প্রতিসেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি

খ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি

গ) ক্রমিক নং ১-৩ নং পদের জন্য কম্পিউটার সনদের সত্যায়িত কপি

ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)

ঙ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ

৫। খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মরত গ্রেড-১৬ থেকে গ্রেড-১১ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়সের মধ্যে যে কোন একটি শিথিলযোগ্য এবং গ্রেড-২০ থেকে গ্রেড-১৭ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

৬। পরীক্ষায় গ্রেড প্রাপ্ত প্রার্থীদের (১নং, ৩ নং ও ৪নং ক্রমিক) ক্ষেত্রে সকল পর্যায়ে জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০ এবং সিজিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ২.০০ থাকতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতি প্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/নারী ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯। আবেদনপত্র **আগামী ০৪-১০-২০২৩ খ্রি. থেকে ৩১-১০-২০২৩ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে** ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

১০। কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে।

১১। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

2/10/23

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়